



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৬৪০/মানিক/২৭৪৬

তারিখ : ৩১/০৬/২০২০

বিষয় : কারণ দর্শানো জবাব প্রসঙ্গে।

- সূত্র : (১) প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), কাটিগ্রাম উচ্চ বিদ্যালয় কর্তৃক জনাব আমিরুল ইসলাম-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।  
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।  
(৩) বোর্ডের ২৯/১২/২০১৯ তারিখের ১৯৩৬ নং পত্র।  
(৪) প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ রফিজ উদ্দিন সরকার-এর ১০/০২/২০২০ তারিখের আবেদন।  
(৫) নিম্নমান সহকারী কাম-কম্পিউটার অপারেটর (বরখাস্তকৃত) জনাব আমিরুল ইসলাম-এর ১৩/০২/২০২০ তারিখের আবেদন।  
(৬) প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ রফিজ উদ্দিন সরকার ও নিম্নমান সহকারী কাম-কম্পিউটার অপারেটর (বরখাস্তকৃত) জনাব আমিরুল ইসলাম-এর ১৪/০৭/২০২০ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ রফিজ উদ্দিন সরকার ও নিম্নমান সহকারী কাম-কম্পিউটার অপারেটর (বরখাস্তকৃত) জনাব আমিরুল ইসলাম-কে স্বপদে পুনর্বহালের জন্য একাধিকবার পত্র দেয়া হয়েছে। যা এখনো বাস্তবায়ন করা হয়নি। এমতাবস্থায়, বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির নির্দেশনা বাস্তবায়ন না করায় কেন বিদ্যালয়ের স্বীকৃতি বাতিল এবং ম্যানেজিং কমিটি প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধি ৩৮নং অনুযায়ী ভেঙ্গে দেয়া হবে না- পত্র ইস্যুর তারিখ হতে ৭ (সাত) দিনের মধ্যে সুস্পষ্ট কারণ ব্যাখ্যা করার জন্য নির্দেশ দেয়া হলো।

- প্রাপক : (১) সভাপতি, ম্যানেজিং কমিটি  
কাটিগ্রাম উচ্চ বিদ্যালয়  
পোঃ- কাটিগ্রাম, উপজেলা- সদর, জেলা- মানিকগঞ্জ।  
(২) প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)  
কাটিগ্রাম উচ্চ বিদ্যালয়  
পোঃ- কাটিগ্রাম, উপজেলা- সদর, জেলা- মানিকগঞ্জ।

মেমো নং- ২৭৪৬(৬)

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

আব্দুর রহমান শিকদার  
বিদ্যালয় উপ-পরিদর্শক  
পক্ষে- বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা

তারিখ : ৩১-০৬-২০২০

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, সদর, মানিকগঞ্জ।
- ২। জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ।
- ৩। অফিস কপি।

বিদ্যালয় উপ-পরিদর্শক  
পক্ষে- বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।